LankaBangla® SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

সোমবার, ২৯ই অক্টোবর , **২০১৮ ইং**

ব্যবসা সম্প্রসারণে রাইট শেয়ার ইস্যু করবে গোল্ডেন হারভেস্ট

ব্যবসা সম্প্রসারণের উদ্দেশ্যে রাইট শেয়ার ইস্যুর মাধ্যমে পুঁজিবাজার থেকে অর্থ সংগ্রহ করবে গোল্ডেন হারভেস্ট এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড। সংগৃহীত অর্থে বিদ্যমান উৎপাদন সক্ষমতা ও ডিস্ট্রিবিউশন চ্যানেলের পরিধি বাড়ানোর পাশাপাশি দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ করবে কোম্পানিটি। তাছাড়া বর্তমান অনুমোদিত মূলধন ২০০ কোটি থেকে ২৫০ কোটি টাকায় উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে কোম্পানিটির পর্ষদ। সম্প্রতি অনুষ্ঠিত সভায় এসব সিদ্ধান্ত নিয়েছে গোল্ডেন হারভেস্ট এগ্রোর পর্ষদ। গতকাল ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) মাধ্যমে কোম্পানিটি শেয়ারহোল্ডারদের জানিয়েছে, অনুমোদিত মূলধন ২০০ কোটি থেকে ২৫০ কোটি টাকায় উন্নীত করতে সংঘস্মারক ও সংঘবিধির ৫ নং ধারা সংশোধনের সিদ্ধান্ত নিয়েছে। এজন্য বার্ষিক সাধারণ সভায় (এজিএম) শেয়ারহোল্ডারদের অনুমোদন নিতে হবে। পাশাপাশি রাইট শেয়ার ইস্যুর মাধ্যমে পরিশোধিত মূলধন বাড়ানোর সিদ্ধান্তও নিয়েছে কোম্পানিটির পর্ষদ। ১০ টাকা ফেস ভ্যালুতে বিদ্যমান একটি শেয়ারের বিপরীতে শেয়ারহোল্ডারদের একটি করে রাইট শেয়ার দেবে গোল্ডেন হারভেস্ট। কোম্পানিটির বর্তমান শেয়ার সংখ্যা ১০ কোটি ৯০ লাখ ৮ হাজার ৯০০টি। সে হিসাবে ১০ টাকা ফেস ভ্যালুতে ১আর: ১ অনুপাতে রাইট শেয়ার ইস্যু করলে সংগৃহীত অর্থের পরিমাণ দাঁড়াবে ১০৯ কোটি ৮৯ হাজার টাকায়।http://bonikbarta.net

বারাকা পাওয়ারের ১০% স্টক লভ্যাংশ সুপারিশ

বারাকা পাওয়ার লিমিটেড ৩০ জুন ২০১৮ সমাপ্ত হিসাব বছরের জন্য ১০ শতাংশ স্টক লভ্যাংশ সুপারিশ করেছে। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে এ তথ্য জানা গেছে। সমাপ্ত হিসাব বছরে কোম্পানিটির শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ১ টাকা ৭৫ পয়সা ও শেয়ারপ্রতি সম্পদমূল্য (এনএভিপিএস) ১৮ টাকা ৮০ পয়সা। আগামী ৬ ডিসেম্বর সিলেটের হোটেল স্টার প্যাসিফিকে অনুষ্ঠিত হবে এর বার্ষিক সাধারণ সভা (এজিএম)। এ-সংক্রান্ত রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ১৯ নভেম্বর। জানা গেছে, বারাকা পাওয়ারের সহযোগী প্রতিষ্ঠান বারাকা শিকলবাহা পাওয়ার প্লান্টের সঙ্গে পাওয়ার পারচেজ এগ্রিমেন্ট (পিপিএ) করেছে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)। ২০ আগস্ট বিদ্যুৎ মন্ত্রণালয়ে দুই পক্ষের মধ্যে এ চুক্তি সম্পন্ন হয়। একই দিনে সরকারের সঙ্গে কোম্পানিটির ইমপ্লিমেন্ট এগ্রিমেন্ট (আইএ) সম্পন্ন হয়েছে।http://bonikbarta.net

বারাকা পাওয়ারের ১০% স্টক লভ্যাংশ সুপারিশ

বারাকা পাওয়ার লিমিটেড ৩০ জুন ২০১৮ সমাপ্ত হিসাব বছরের জন্য ১০ শতাংশ স্টক লভ্যাংশ সুপারিশ করেছে। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে এ তথ্য জানা গেছে। সমাপ্ত হিসাব বছরে কোম্পানিটির শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ১ টাকা ৭৫ পয়সা ও শেয়ারপ্রতি সম্পদমূল্য (এনএভিপিএস) ১৮ টাকা ৮০ পয়সা। আগামী ৬ ডিসেম্বর সিলেটের হোটেল স্টার প্যাসিফিকে অনুষ্ঠিত হবে এর বার্ষিক সাধারণ সভা (এজিএম)। এ-সংক্রান্ত রেকর্ড ডেট নির্ধারণ করা হয়েছে ১৯ নভেম্বর। জানা গেছে, বারাকা পাওয়ারের সহযোগী প্রতিষ্ঠান বারাকা শিকলবাহা পাওয়ার প্লান্টের সঙ্গে পাওয়ার পারচেজ এগ্রিমেন্ট (পিপিএ) করেছে বাংলাদেশ

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)। ২০ আগস্ট বিদ্যুৎ মন্ত্রণালয়ে দুই পক্ষের মধ্যে এ চুক্তি সম্পন্ন হয়। একই দিনে সরকারের সঙ্গে কোম্পানিটির ইমপ্লিমেন্ট এগ্রিমেন্ট (আইএ) সম্পন্ন হয়েছে।http://bonikbarta.net

২০১৮-১৯ অর্থবছর : প্রথম প্রান্তিকে বেনাপোলে রাজস্ব আহরণে ঘাটতি

চলতি অর্থবছরের (২০১৮-১৯) প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) দেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোলে লক্ষ্যমাত্রার চেয়ে ২৪২ কোটি ৫ লাখ টাকা কম রাজস্ব আহরণ হয়েছে। এ সময়ে বন্দর থেকে রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা ছিল ১ হাজার ৩৩২ কোটি ৮৬ লাখ টাকা। বিপরীতে আহরণ হয়েছে ১ হাজার ৯০ কোটি ৮১ লাখ টাকা। তবে লক্ষ্যমাত্রা অনুযায়ী ঘাটতি থাকলেও গত অর্থবছরের প্রথম প্রান্তিকের চেয়ে এবার ১২৮ কোটি ৭৫ লাখ টাকা বেশি রাজস্ব আহরণ হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরের প্রথম তিন মাসে আহরিত রাজস্বের পরিমাণ ছিল ৯৬২ কোটি ৬ লাখ টাকা।http://bonikbarta.net

এফবিসিসিআই ও চীনা প্রতিনিধি দলের মধ্যে আলোচনা

চীনের নানচাং মিউনিসিপ্যাল কর্তৃপক্ষের একটি প্রতিনিধি দল ও ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) নেতাদের মধ্যে গতকাল এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এফবিসিসিআই সভাপতি মো. সফিউল ইসলাম মহিউদ্দিনসহ সংগঠনটির পরিচালকরা সভায় উপস্থিত ছিলেন। চীনা প্রতিনিধি দলটির নেতৃত্ব দেন নানচাং মিউনিসিপ্যাল কর্তৃপক্ষের ডেপুটি মেয়র লিং উই।http://bonikbarta.net

যুক্তরাষ্ট্রে মূল্যস্ফীতি নিয়ে মিশ্র আভাসে ধন্দে বিনিয়োগকারীরা

চলতি মাসে প্রকাশিত যুক্তরাষ্ট্রের প্রান্তিককালীন আয়-সংক্রান্ত প্রতিবেদনগুলো ওয়াল স্ট্রিটের অবস্থা নিয়ে বিনিয়োগকারীদের পরিষ্কার ধারণা দেবে বলে আশা করা হয়েছিল। কিন্তু বাস্তবে এর বিপরীত চিত্র দেখা গেছে। অতি সাম্প্রতিক প্রান্তিকে মুনাফাবিষয়ক যেসব প্রতিবেদন ও পূর্বাভাস প্রকাশ হয়েছে, তাতে পণ্যের দাম ও শ্রম ব্যয় বৃদ্ধি নিয়ে পরিষ্কার কোনো বার্তা দেয়নি কোম্পানিগুলো, যা বিনিয়োগকারীদের ধাঁধায় ফেলে দিয়েছে। খবর রয়টার্স। রিচার্ড বার্নস্টেইন অ্যাডভাইজরস এলএলসির প্রধান নির্বাহী কর্মকর্তা রিচার্ড বার্নস্টেইন জানান, ‘আমি বুঝতে পারছি না, সবাই এ বিষয়টি স্বীকার করতে কেন দ্বিধা বোধ করছে যে, আমরা মূল্যস্ফীতির ঊর্ধ্বমুখী অবস্থার মধ্যে রয়েছি।’ তিনি আরো বলেন, ‘কোম্পানিগুলোর মধ্যে ভয় রয়েছে, তারা পণ্যের দাম বৃদ্ধির সুবিধা ভোগ করতে পারবে না।’http://bonikbarta.net

মার্কিন নিষেধাজ্ঞা কার্যকরের আগে ইরানের অর্থ মন্ত্রণালয়ে পরিবর্তন

আগামী মাস থেকে ইরানের তেল রফতানির ওপর নতুন মার্কিন নিষেধাজ্ঞা বাস্তবায়িত হতে যাচ্ছে। এর মাত্র কয়েক দিন আগেই গতকাল দেশটির সরকারকে মন্ত্রিপরিষদ সংস্কারের অনুমোদন দিয়েছে ইরানের পার্লামেন্ট। খবর রয়টার্স। গতকাল পার্লামেন্টে নতুন নিয়োগ-সংক্রান্ত ভোটের আগে ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানি বলেন, ইরানের সঙ্গে দ্বন্দ্বের জেরে ওয়াশিংটন তার সহযোগীদের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। পার্লামেন্টকে রুহানি বলেন, যুক্তরাষ্ট্র কোনো সিদ্ধান্ত নিলে সাধারণত দেশটির মিত্ররা তা উপেক্ষা করে না। তেল রফতানির ওপর যুক্তরাষ্ট্রের নতুন নিষেধাজ্ঞা কার্যকরের আগে অর্থ মন্ত্রণালয়ে বড় ধরনের পরিবর্তন আনল ইরান সরকার। দেশটির নতুন অর্থনীতি ও অর্থবিষয়ক মন্ত্রী হিসেবে আস্থা ভোট পেয়েছেন টেকনোক্র্যাট হিসেবে পরিচিত ফরহাদ দেজপছন্দ। এছাড়া শিল্প, শ্রম ও সড়কমন্ত্রী পদেও নতুন নিয়োগ দেয়া হয়েছে।http://bonikbarta.net

http://bonikbarta.net